



# ফিশারীজ বিভাগ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

## জানুয়ারী-জুন ২০২২ সেশনে এম. এস. ১ম সেমিস্টারে ভর্তির বিজ্ঞপ্তি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ বিভাগে জানুয়ারী-জুন ২০২২ সেশনে এম.এস. ১ম সেমিস্টারে ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তপূরণ সাপেক্ষে নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ফর্ম বিভাগীয় ওয়েবসাইট ([www.ru.ac.bd/fisheries](http://www.ru.ac.bd/fisheries)) অথবা অফিস থেকে সংগ্রহ করা যাবে।

কোর্সের নাম	আসন সংখ্যা (বহিরাগত)
● এম. এস. ইন ফিশারীজ বায়োলজি এন্ড জেনেটিক্স	১২
● এম. এস. ইন একুয়াকালচার	১৮
● এম. এস. ইন ফিশারীজ ম্যানেজমেন্ট	২১
● এম. এস. ইন ফিশারীজ টেকনোলজি	০৯

### যোগ্যতা:

- যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ২০১৯ বা পরবর্তী বছরে (চাকুরীরতদের ক্ষেত্রে ২০১২ বা পরবর্তী বছরে) চার বছর মেয়াদী বি.এস-সি. ফিশারীজ (অনার্স) ডিগ্রী অর্জনকারীরা আবেদন করতে পারবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিশারীজ বিভাগ ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠান থেকে ডিগ্রী অর্জনকারীদের ক্ষেত্রে সিজিপিএ ন্যূনতম ৩.০০ (৪ স্কেলে) থাকতে হবে।

### শর্তাবলী:

- যথাযথভাবে পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র আগামী ১৬ মার্চ ২০২৩ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪ টার মধ্যে বিভাগীয় কার্যালয়ে নগদ ১০০০/- (এক হাজার) টাকাসহ জমা দিয়ে সাক্ষাৎকারে অংশ নেয়ার জন্য প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট, শেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত কপি স্ট্যাপলিং করে এবং ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ফর্মের নির্ধারিত স্থানে আঠা নিয়ে সংযুক্ত করে জমা দিতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের প্রাথমিক আবেদন পত্রের সাথে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে শিক্ষাকার্যক্রম সম্পাদনের জন্য ১ বছরের ছুটি দেয়া হবে এই মর্মে প্রত্যয়ন পত্র সংযোজন করতে হবে।
- চাকুরীরত প্রার্থী ভর্তির জন্য নির্বাচিত হলে ভর্তির সময় অবশ্যই ছুটি প্রাপ্তির মূল প্রমাণ পত্র জমা দিতে হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যাতিত অন্যান্য আবেদনকারীদের নিজ নিজ বিশ্ববিদ্যালয় হতে সংগৃহীত মাইগ্রেশন সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে।
- ২০ মার্চ ২০২৩ তারিখ সোমবার সকাল ১০ টায় অত্র বিভাগে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারে প্রার্থীকে নিজ নিজ প্রবেশপত্র এবং আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সার্টিফিকেট, মার্ক সার্টিফিকেট ও অন্যান্য দলিলাদির মূল কপি সাথে নিয়ে আসতে হবে এবং প্রদর্শন করতে হবে।
- আবেদন পত্র যাচাই বাছাই ও গৃহীত সাক্ষাৎকারের ভিত্তিতে প্রার্থীদের প্রাপ্ত সিজিপিএ ও কোর্সের পছন্দক্রম অনুযায়ী ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের কোর্স ভিত্তিক তালিকা বিভাগীয় একাডেমিক কমিটি কর্তৃক অনুমোদনের পর প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়াবলী পরিবর্তন, পরিমার্জন বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা বিভাগ কর্তৃক সংরক্ষিত।

(প্রফেসর ড. এম. মনজুরুল আলম)

সভাপতি

ফিশারীজ বিভাগ, রাঃ বিঃ।